শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৯৫২.৫৫০.০১.০৩৮.২৩. ৮২৫৬

তারিখঃ ১২ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০২৩খ্রিঃ

# দরপত্র বিজ্ঞপ্তি

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে স্টেশনারী মালামাল সংগ্রহ/ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী / সরবরাহকারী / ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেড প্যাডে সীলগালাযুক্ত খামে নিম্ন বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
|---|---|---|---|---|---|
| ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সুচী | | দরপত্র দলিলের মূল্য (টাকা) (অফেরতযোগ্য) | দরপত্র জামানত (টাকা) |
| | | গ্রহণ | খোলা | | |
| ২৫ টি আইটেমের স্টেশনারী মালামাল | ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ০৯/০১/২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার অফিস সময় পর্যন্ত। | ১০/০১/২০২৪ খ্রিঃ তারিখ বুধবার সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত। | ১০/০১/২০২৪ খ্রিঃ তারিখ বুধবার সকাল ১১:৩৫ ঘটিকা। | ১,০০০/- | ১৫,০০০/- |

## শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরের ছকে বর্ণিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার / ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম(ত্রিমোহনী), কুড়িগ্রাম হতে জেনারেল ম্যানেজার বরাবর উৎপাদনকারী / সরবরাহকারী / ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২। দরপত্রসমূহ আগামী ১০-০১-২০২৪খ্রিঃ রোজ বুধবার সকাল ১১:৩০ ঘটিকার মধ্যে দরপত্র দলিলে এবং নিজস্ব লেটারহেড প্যাডে দর উল্লেখ পূর্বক সীলগালাযুক্ত খামে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা- ১২২৯ এবং (খ) জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রামে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। দরপত্রসমূহ একই দিন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং (খ) জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম দুইটি স্থানে সকাল ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/দরদাতা প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭দিন পূর্বে কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস এর সদর দপ্তর, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম এ লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে (বিস্তারিত দরপত্র দলিলে রয়েছে)।

০৫। ক্রেতা কর্তৃক পিপিআর-২০০৮ অনুসরনে প্রাপ্ত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা অর্থাৎ যার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে তার অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে দরপত্র দলিলে বর্নিত মালামালসমূহ সংগ্রহ/ক্রয় করা হবে। কার্যাদেশ প্রদানের সময় পিপিআর-২০০৮ অনুযায়ী মালামালের পরিমাণ কম/বেশি হতে পারে।

০৬। মালামাল সরবরাহের পর পবিসের মনোনিত প্রতিনিধির সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে সেগুলি গ্রহণ করা হবে। মনোনীত প্রতিনিধির সন্তোষজনক প্রত্যয়ন ব্যতিরেকে মালামাল গ্রহণ করা হবে না। সরবরাহকৃত মালামালের মূল্য একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে যথারীতি পরিশোধ করা হবে। সে ক্ষেত্রে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

D:\টেন্ডার\tender(Admin).doc

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

০৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

এমতাবস্থায়, আগ্রহী দরদাতাগণকে দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলী অনুসরনে নির্ধারিত সময়ের মধ্যে দর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৭/১২/২০

(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতিসহ নোটিশ বোর্ডের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা)।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইট-এ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি),বাপবিবো, কুড়িগ্রাম।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...........১/২/৩/৪।
০৮। ডিজিএম, (কারিগরী-সদর/নাগেশ্বরী/উলিপুর/লালমনিরহাট/ভূরুঙ্গামারী/আদিতমারী/ফুলবাড়ী/চিলমারী, জোনাল অফিস।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), কুড়ি-লাল পবিস।
১০। এজিএম (আইটি), কুড়ি-লাল পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা নিবেন)।
১১। মেসার্স.......................................।
১২। নোটিশ বোর্ড, কুড়ি-লালপবিস।
১৩। অফিস কপি/মাষ্টার কপি/বিলকপি।

২৭/১২/২০

(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার